গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস অধিশাখা
www. Cabinet.gov.bd

**বিষয়ঃ সিআরভিএস বাস্তবায়ন কমিটি এর সভার কার্যবিবরণী।**

সভাপতি : শেখ মুজিবুর রহমান এনডিসি, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ২৯ ডিসেম্বর ২০১৯, দুপুর: ২:৩০ ঘটিকা
স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের কক্ষ নং- ১০০৫, সরকারি পরিবহন পুল ভবন।

**উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বাংলাদেশে সিআরভিএস-এর বিভিন্ন কার্যক্রম সরকারের বিভিন্ন দপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। উক্ত কর্মকান্ড সঠিকভাবে নির্ধারিত সময়ে বাস্তবায়িত হবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত উপস্থাপনা প্রদান করা হয়।

০২। গত ১৬ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্য কে অনুরোধ করা হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করে।

**সিদ্ধান্ত:** ২.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটিতা বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত করা হয়।

০৩। আলোচ্যসূচি-০২: **বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্রম: | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১. | ০৩.১ সিআরভিএস বাস্তবায়ন কমিটির বিগত সভাসমূহের সিদ্ধান্ত যাচাই বাছাই করে যে সব সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়ন করা যায়নি তার একটি তালিকা তৈরি করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | বিগত ২০১৭ থেকে অক্টোবর ২০১৯ পর্যন্ত অনুষ্ঠিত সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের তালিকা প্রস্তুত করা হয়েছে। |
| ২. | ৪.১ আইন ও বিচার বিভাগের উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি অনুমোদনের পর প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, ইন্টারভেনশন, এক্টিভিটি এবং কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। | সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের - জন্য গত ১৭ নভেম্বর ২০১৯ তারিখের ১৯৯ নম্বর স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে মর্মে জানিয়ে প্রকল্পের সারসংক্ষেপ ইমেইলযোগে মন্ত্রিপরিষদ বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ৩. | ৪.২। "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত প্রকল্পটির জনবল নিয়োগ সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে পুনরায় পত্র যোগাযোগ করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। | "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত প্রকল্পটির প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে (প্রেষণ)। উপ-প্রকল্প পরিচালক এবং সহকারী প্রকল্প পরিচালকসহ প্রকল্পের অন্যান্য জনবল নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানানো হয়েছে। |
| ৪. | ৪.৩। সিসিডিএস এর থার্ড ভারসন অনুসরণ করে সিআরভিএস এর আইটি কনসালট্যান্টদ্বয় এবং ব্যানবেইসের কনসালট্যান্টগণ ব্যানবেইজ এর স্টুডেন্ট প্রোফাইল এর তথ্যছকটি চূড়ান্ত করবেন। | ব্যানবেইসের স্টুডেন্ট প্রোফাইল এর তথ্যছকটি চূড়ান্ত করা হয়েছে এবং তা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১০ ডিসেম্বর তারিখে অনুমোদন পূর্বক ব্যানবেইজে প্রেরণ করা হয়েছে। |
| ৫. | ৫.১। CRVS সংক্রান্ত Regional Action Framework (RAF)-এর খসড়া রিপোর্ট এর implementation steps অংশের ৫টি ইস্যুর বিষয়ে সভার আলোচনা অনুসারে সংশোধন পূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ চূড়ান্ত রিপোর্ট প্রস্তুত করবে।<br>৫.২। সিআরভিএস সংশ্লিষ্ট সংস্থাগুলো হতে সংগৃহীত তথ্য উপাত্তের উপর ভিত্তি করে CRVS সংক্রান্ত Regional Action Framework (RAF)-এর চূড়ান্ত রিপোর্ট মন্ত্রিপরিষদ বিভাগ UNESCAP এ প্রেরণ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক RAF-এর রিপোর্ট চূড়ান্ত করে গত ১৮ নভেম্বর ২০১৯ তারিখে UNESCAP বরাবর প্রেরণ করা হয়েছে। |
| ৬. | ৬.১। সিআরভিএস তৃতীয় পর্যায়ের প্রকল্প ডকুমেন্ট দ্রুত প্রস্তুত পূর্বক চলতি অর্থবছরে অনুমোদনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সিআরভিএস তৃতীয় পর্যায়ের প্রকল্প ডকুমেন্ট (TAPP) প্রস্তুত করা হয়েছে এবং প্রকল্পটি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদন করা হয়েছে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের নিমিত্ত সারসংক্ষেপ প্রেরণ করা হবে। |
| ৭. | ৭.১। OpenCRVS এর বিকল্প পরিকল্পনা অনুসারে জানুয়ারী ২০২০ থেকে BDRIS2 এর সাথে ইন্টিগ্রেশন ছাড়াই স্বল্প আকারে পাইলট শুরু করতে হবে এবং দুইটি সিস্টেমের মধ্যে ইন্টিগ্রেশন না হওয়া পর্যন্ত OpenCRVS থেকে নির্দিষ্ট ছকে প্রেরিত জন্ম ও মৃত্যু নিবন্ধনের ডাটা BDRIS2 সিস্টেমে আপলোডের বিষয়ে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | জানুয়ারী ২০২০ থেকে পাইলটিং এর কার্যক্রম শুরু হলে জন্ম ও মৃত্যু নিবন্ধনের ডাটা BDRIS2 সিস্টেমে আপলোডের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে জানিয়েছেন। |
| ৮. | ৭.২। OpenCRVS, ISDP, DHIS2 এবং ব্যানবেইজের স্টুডেন্ট প্রোফাইল সংক্রান্ত সিস্টেমের সাথে BDRIS2 সিস্টেমের ইন্টিগ্রেশন এর কাজ দ্রুত সম্পন্ন করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু | রেজিস্ট্রার জেনারেল, জন্ম নিবন্ধন কার্যালয় কর্তৃক উক্ত কাজে নিয়োগকৃত ভেন্ডরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেছেন। |

| | | |
|---|---|---|
| | নিবন্ধন কার্যালয় উক্ত কাজে নিয়োগকৃত ভেন্ডরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | |
| ৯. | ৮.১.১। CCDS এর Third Version সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন নিতে হবে।<br><br>৮.১.২। সিআরভিএস বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের যে সকল টেকনিক্যাল/আইসিটি কনসালট্যান্টগণ CCDS ব্যবহার করবে তাদেরকে টেকনিক্যল কমিটির সভার মাধ্যমে ওরিয়েন্টেশন এর আয়োজন করতে হবে। | CCDS এর Version 3.1 সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভায় অনুমোদন পূর্বক প্রজ্ঞাপন আকারে জারী করা হয়েছে এবং প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>টেকনিক্যল কমিটির সভার মাধ্যমে ব্যবহারকারীগণের ওরিয়েন্টেশন এর আয়োজন করা সম্ভব হয়নি। |
| ১০. | ৮.২.১। এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ISDP এর কোর মডিউলগুলো (ভেরিফিকেশন, এলিজিবিলিটি, নোটিফিকেশন) টেস্টিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অন্যান্য আপডেটসহ মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।<br>৮.২.২।BDRIS2, Social Security Program (SSP), DHIS2, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং ব্যানবেইজের স্টুডেন্ট প্রোফাইল সংক্রান্ত সিস্টেমের সাথে ISDP এর সংযোগের বিষয়ে বাস্তব প্রেক্ষাপট বিবেচনা করে সর্বশেষ অবস্থা সিআরভিএস বাস্তবায়ন সম্পর্কিত পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিআরভিএস কনসাল্ট্যান্টদ্বয়কে বলা হলো। | বিগত সভা পরবর্তী আর কোন অগ্রগতি হয়নি মর্মে সিআরভিএস কনসালটেন্টগণ জানিয়েছেন। |
| ১১. | ৮.৩.১। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা এবং ঢাকা দক্ষিণ সিটিকরপোরেশন এর জন্ম এবং মৃত্যু নিবন্ধনের তথ্য ব্যবহার করে তা থেকে ভাইটাল স্ট্যাটিসটিক্স তৈরির বিষয়ে বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে। | উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যালয় থেকে গত ০৪-১২-২০১৯ তারিখে ইমেইলযোগে গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা এবং ঢাকা দক্ষিণ সিটিকরপোরেশন এর জন্ম এবং মৃত্যু নিবন্ধনের তথ্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত তথ্য প্রাপ্তির পর পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক উক্ত তথ্য থেকে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়নের নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়েছে এবং ২৭-১১-২০১৯ তারিখে একটি সভা করে উক্ত তথ্য এনালাইসিস ও রিভিউ করা হয়েছে মর্মে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে জানানো হয়েছে। |

**সিদ্ধান্ত:** ০৩.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটির বিগত সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রস্তুতকৃত তালিকাটি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

০৪। আলোচ্যসূচি-০৩: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।

আইন ও বিচার বিভাগ থেকে "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি (ডিপিপি) অনুমোদনের জন্য প্রেরণ করা হলে পরিকল্পনা কমিশন থেকে প্রকল্প প্রস্তাবের উপর কিছু Observation দিয়ে ফেরত পাঠিয়েছে। উক্ত Observation অনুসারে উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি সংশোধন করা হয়েছে। জানুয়ারি ২০২০ এর প্রথম সপ্তাহের মধ্যে অনুমোদনের জন্য পুনরায় পরিকল্পনা কমিশন প্রেরণ করা যাবে। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো ডিজিটাল অবকাঠামোর মাধ্যমে জনগণকে তাৎক্ষণিক বিবাহ ও তালাক নিবন্ধন সেবা প্রদান করা, বাল্য বিবাহ প্রতিরোধ করা এবং স্বল্প সময়ে বিবাহ ও তালাক নিবন্ধন সেবা প্রদান করা। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৬ কোটি ৩৬ লক্ষ টাকা (সরকারি অনুদান) এবং প্রকল্পটি ২০১৯ থেকে ২০২৩ পর্যন্ত ৮টি উপজেলায় বাস্তবায়িত হবে।

"প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য প্রোফাইল ডেটাবেজ তৈরি যাতে একজন শিক্ষার্থীর সকল তথ্য লিপিবদ্ধ থাকবে। প্রকল্পের কার্যকরী উদ্দেশ্যসমূহ হলো এবতেদায়ী পর্যায়ে ১ম-৫ম শ্রেণির শিক্ষার্থীসহ সকল ধরণের বিদ্যালয়ের প্রাক-প্রাথমিক থেকে ৫ম শ্রেণির ২ কোটি ৮৭ লক্ষ শিক্ষার্থীদের জন্য শিক্ষার্থী প্রোফাইল প্রস্তুত করা, একক পরিচিতি নম্বরসহ আইডি কার্ড প্রদান এবং প্রাথমিক শিক্ষা সম্পর্কিত অন্যান্য সেবা (যেমন: বই সরবরাহ, ভর্তি, বৃত্তি ইত্যাদি) প্রদানের লক্ষ্য একক পরিচিতি নম্বরের মাধ্যমে তথ্য সংগ্রহ। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৬৪.০৪৬৬ কোটি টাকা (সরকারি অনুদান) এবং প্রকল্পটি ০১ মার্চ ২০১৯ হতে ৩১ ডিসেম্বর,২০২১ পর্যন্ত সমগ্র বাংলাদেশে বাস্তবায়িত হবে। প্রকল্পটি গত ০৫.০৩.২০১৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয় এবং গত ১২ জুন ২০১৯ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক জিও জারি করা হয়েছে।

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর এস্টাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS) সংক্রান্ত প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের ডাটাবেইজ তৈরি এবং প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সিআরভিএস ভিত্তিক ইউনিক আইডি প্রদানের মাধ্যমে প্রতিটি শিক্ষার্থীর সম্পূর্ণ প্রোফাইল তৈরি করা। সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনা প্রণয়ন করা যার মাধ্যমে শিক্ষার সাথে জড়িত সকলকে ডিজিটাল সেবা প্রদানে এবং সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩১৩.৩০ কোটি টাকা (সরকারি অনুদান) এবং প্রকল্পটি ০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০২১ সাল পর্যন্ত সমগ্র বাংলাদেশে বাস্তবায়িত হবে। প্রকল্পটি গত ১৪.০৮.২০১৮ তারিখে অনুমোদন করা হয়। আলোচনায় অংশগ্রহণ করে মহাপরিচালক ব্যানবেইস জানান যে তাদের মডিউলার ডাটা সেন্টার এর জন্য সার্ভার এবং ইকুইপমেন্ট ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। সিআরভিএস সফটওয়ার ডেভলাপমেন্টের জন্য ক্রয় প্রক্রিয়া চলমান রয়েছে। ইউনিক আইডি ব্যবহারের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের সাথে ব্যানবেইসের টেকনিক্যাল পর্যায়ে integration এর জন্য কিছু কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**সিদ্ধান্ত:**

৪.১। "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত প্রকল্পটির অন্যান্য জনবল দ্রুত নিয়োগ প্রদানপূর্বক প্রকল্পের কার্যক্রম দ্রুত শুরু করার জন্য মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হলো।

৪.২। আইন ও বিচার বিভাগ এর "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি (ডিপিপি) সংশোধনপূর্বক অনুমোদনের জন্য পুনরায় পরিকল্পনা কমিশনে প্রেরণ করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৪.৩। ব্যানবেইস এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট প্রকল্প দুইটির সঙ্গে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং বাংলাদেশ নির্বাচন কমিশনের integration, interoperability এবং Unique Id ব্যবহার সংক্রান্ত বিষয়ে স্ব স্ব

প্রকল্প তাদের টেকনিক্যাল টিমের সভা আহবান করে সমাধান করবেন। উক্ত সভাসমূহে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস কনসালট্যান্টগণকে আমন্ত্রণ জানানোর জন্য অনুরোধ করা হলো।

**০৫। আলোচ্যসূচি-০৪: সিআরভিএস প্রকল্পের তৃতীয় পর্যায়ের TAPP প্রণয়নের অগ্রগতি পর্যালোচনা:**

সিআরভিএস তৃতীয় পর্যায়ের প্রকল্প ডকুমেন্ট (TAPP) প্রস্তুত করা হয়েছে এবং প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভায় কিছু observation দেয়া হয়েছে। উক্ত observation গুলো সংযোজনপূর্বক প্রকল্প ডকুমেন্ট (TAPP) অনুমোদনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণের জন্য কার্যক্রম চলমান রয়েছে।

**সিদ্ধান্ত:** ৫.১। সিআরভিএস তৃতীয় পর্যায়ের প্রকল্প ডকুমেন্ট অনুমোদনের নিমিত্ত সারসংক্ষেপ আগামী ০৭ দিনের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর মন্ত্রিপরিষদ বিভাগের প্রকল্প অধিশাখা প্রেরণ করবে।

**০৬। OpenCRVS সংক্রান্ত আলোচনা:**

OpenCRVS পাইলট প্রকল্পের বর্তমান অবস্থা সম্পর্কে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের পক্ষ থেকে সভায় জানানো হয় যে NID এবং DHIS2 (Health system), এর সাথে OpenCRVS ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে ফলে হাসপাতালে জন্ম এবং মৃত্যু হলে তার নোটিফিকেশন OpenCRVS সিস্টেমে দৃশ্যমান হবে। উক্ত নোটিফিকেশন এর মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ থেকে জন্ম এবং মৃত্যু নিবন্ধনগুলো সম্পন্ন করা সম্ভব হবে। ডিসেম্বর ২০১৯ মাসে পাইলটিং এলাকা কুড়িগ্রামের ভুরুঙ্গামারিতে sensitization training শুরু করা হয়েছে। জানুয়ারিতে স্বাস্থ্য সহকারী এবং স্বাস্থ্য পরিবার কল্যাণ সহকারীগণ OpenCRVS সিস্টেমে পরিচালনা করার জন্য ট্যাবলেট পিসি গুলো হাতে পাবে তখন সিস্টেম সংক্রান্ত বিষয়ে বিস্তারিত প্রশিক্ষণ প্রদান করা হবে।

**সিদ্ধান্ত:** ৬.১। OpenCRVS এর সাথে BDRIS2 এবং Office Information Service Framework (OISF) এর ইন্টিগ্রেশন দ্রুত সম্পন্ন করা এবং OpenCRVS সফটওয়্যার এর penetration এবং security টেস্টিং এর কার্যক্রম বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সাথে নিয়মিত যোগাযোগপূর্বক আগামী অতিদ্রুত সম্পন্ন করার বিষয়ে প্লান ইন্টারন্যাশনাল বাংলাদেশ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**০৭। বিবিধ:**

**৭.১। সিআরভিএস সচিবালয়ের অর্গানোগ্রাম সংক্রান্ত আলোচনাঃ**

সভায় সিআরভিএস সচিবালয়ের খসড়া অর্গানোগ্রাম উপস্থাপন করা হয়। সিআরভিএস সচিবালয় কোন ফরমেটে হবে এটি ইউনিট হবে না উইং হবে সে বিষয়ে সদস্যগণ ভিন্ন ভিন্ন মতামত প্রকাশ করেন এবং এ বিষয়ে জনপ্রশান মন্ত্রণালয়ের পরামর্শ গ্রহণ এবং কর্মশালা আয়োজনের মাধ্যমে সিআরভিএস সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহের মতামত গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:** ৭.১.১ সিআরভিএস সচিবালয়ের খসড়া অর্গানোগ্রামের উপর সিআরভিএস সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সমূহ কর্তৃক মতামত ও পরামর্শ প্রদানের নিমিত্ত একটি কর্মশালা আয়োজনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৭.২। Integrated Service Delivery Platform (ISDP) সংক্রান্ত আলোচনা।**

ISDP এর কোর মডিউলগুলো (ভেরিফিকেশন, এলিজিবিলিটি, নোটিফিকেশন) ডেভলাপ করা হয়েছে এবং টেস্টিং করা হয়েছে এবং টেস্টিং পর্যায়ে মডিউলগুলো ফাংশনাল আছে। ISDP এর সাথে BDRIS2 Social Security Program (SSP) স্বাস্থ্য এবং শিক্ষার সিস্টেমের সাথে সংযোগ স্থাপনের জন্য সংশ্লিষ্ট সংস্থা প্রধানগণের সঙ্গে আলোচনাক্রমে এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত: ৭.২.১** সিআরভিএস সংশ্লিষ্ট BDRIS2, Social Security Program (SSP), DHIS2, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং ব্যানবেইজের স্টুডেন্ট প্রোফাইল সংক্রান্ত সিস্টেমের সাথে ISDP এর সংযোগকে ত্বরান্বিত করার লক্ষ্যে উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে আগামী এক মাসের মধ্যে একটি কর্মশালা আয়োজনের জন্য এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।

**০৭.৩। Vital Statistics Technical Working Group সংক্রান্ত আলোচনাঃ**

বিগত ১৬ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সিআরভিএস বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুসারে গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এর জন্ম এবং মৃত্যু নিবন্ধনের তথ্য ব্যবহার করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়নের জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যালয় থেকে প্রেরিত ডার্টা এনালাইসিস ও রিভিউ করা হয়েছে। রিভিউ অন্তে দেখা যায় যে ১৯৯২-২০১০ এবং ২০১১-২০১৮ সালের যে ডাটা রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যালয় থেকে প্রেরণ করা হয়েছে তা পূর্ণাঙ্গ নয় বরং আংশিক ডাটা। তাছাড়াও জন্ম এবং মৃত্যু নিবন্ধনের তথ্য ব্যবহার করে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়নের জন্য উক্ত তথ্যের সংশ্লিষ্ট field গুলোর সাথে জিও কোডসহ আরো কিছু field সংযোজন করতে হবে। জন্ম এবং মৃত্যু নিবন্ধনের তথ্য ব্যবহার করে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়নের নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যালয় এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মধ্যে integration এবং interoperability স্থাপনের জন্য জরুরীভিত্তিতে সভা আহবানের বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:** ৭.৩.১। জন্ম এবং মৃত্যু নিবন্ধনের তথ্য ব্যবহার করে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়নের নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যালয় এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মধ্যে integration এবং interoperability স্থাপন সংক্রান্তে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আগামী এক মাসের মধ্যে সভা আহবানপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।

**৭.৪। জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত আলোচনা:**

জন্ম ও মৃত্যু নিবন্ধনের সময় অভিবাবকগণ অনেক সময় জাতীয় পরিচয়পত্র বহন করে না কিন্তু সবাই মোবাইল সাথে নিয়ে আসে, সেক্ষেত্রে অভিবাবকের মোবাইল নম্বরটি কোন এনআইডি এর সাথে রেজিস্ট্রেশন করা আছে সেটি জানা গেলে জন্ম ও মৃত্যু নিবন্ধন অতিদ্রুত সম্পন্ন করা সম্ভব হবে। সভায় উপস্থিত ডাক ও টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালকের প্রতিনিধি জানান যে এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা থেকে অনুরোধ সংক্রান্ত পত্র পেলে তারা সম্ভাব্য সমাধানটি জানাতে পারবে।

**৭.৪.১। সিদ্ধান্ত:** জন্ম ও মৃত্যু নিবন্ধনের সময় উপস্থিত অভিবাবকগণের মোবাইল নম্বরটি কোন এনআইডি এর সাথে রেজিস্ট্রেশন করা আছে সেটি ঐ মূহর্তে জানার বিষয়ে অনুরোধ জানিয়ে ডাক ও টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যালয়কে অনুরোধ করা হলো।

৭.৫। CRVS Country Overview সংক্রান্ত আলোচনা:

সিআরভিএস-এর মোট ৬টি Component এর মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন বৃদ্ধি এবং মৃত্যুর কারণ নির্ণয় সংক্রান্ত ৩টি Component এর বাস্তবায়ন কার্যক্রম উন্নতিকল্পে ২০১৬ সালে ভাইটাল স্ট্রাটেজিস এবং মেলবর্ণ ইউনিভার্সিটির সহায়তায় মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় 'Technical Support for CRVS System Improvement in Bangladesh' প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পের প্রথম ও দ্বিতীয় পর্যায় ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। উক্ত দুই পর্যায়ে বাংলাদেশের ১৩টি উপজেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধন উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। এছাড়া উক্ত প্রকল্পের আওতায় বাংলাদেশে প্রথম বারের মত আন্তর্জাতিক মান অনুযায়ী মৃত্যুর কারণ নির্ণয় কার্যক্রম ২০১৭ সালে শুরু হয়। বর্তমানে প্রায় ১০৫টি হাসপাতালে

এই কার্যক্রম চালু হয়েছে। ইতোমধ্যে হাসপাতালে চিকিৎসকের তত্ত্বাবধানে মৃত্যুর প্রায় ১ লাখ মানুষের মৃত্যুর সঠিক কারণ নির্ণয় করা সম্ভব হয়েছে। এছাড়া গ্রামে নিজ বাড়ীতে মৃত প্রায় ২৭ হাজার ব্যক্তির মৃত্যুর কারণ এই প্রকল্পের আওতায় বাচনিক ময়নাতদন্তের মাধ্যমে নির্ণয় করা হয়েছে। যা বাংলাদেশের প্রেক্ষাপটে একটি উল্লেখযোগ্য অর্জন। এই বিষয়গুলি সিআরভিএস-এর অংশীজনকে অবহিত করার জন্য সিআরভিএস কান্ট্রি ওভারভিউ সভায় উপস্থাপন করা হয়।

৭.৫.১। **সিদ্ধান্ত:** সিআরভিএস কান্ট্রি ওভারভিউ এর উপর মতামত প্রদানের নিমিত্ত সিআরভিএস-এর অংশীজন বরাবর মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা ইমেইলযোগে প্রেরণ করবে। মতামত প্রাপ্তির পর সেগুলো সন্নিবেশিত করে সিআরভিএস অধিশাখা প্রকাশনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৮। পরিশেষে আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

শেখ মুজিবুর রহমান এনডিসি
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।